ঢাকা ওয়াসা

বিষয়ঃ সায়েদাবাদ পানি শোধনাগার (মান নিয়ন্ত্রন ইউনিট) এর অফিসে ব্যবহারের জন্য ০২ টি কাঠের তৈরি চেয়ার সংগ্রহ সহ আনুষঙ্গিক কাজের খরচের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

১। পাওপশো সার্কেলের ২০২৪-২৫ অর্থ বৎসরের বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
২। বাজার দর।
৩। আলোচ্য কাজের প্রাক্কলন।

১। ক্রমিক নং ০১ হতে ০৩ পর্যন্ত দয়া করে দেখা যেতে পারে। উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অফিস কার্যক্রম পরিচালনার জন্য প্রয়োজনীয় আসবাবপত্রের মধ্যে চেয়ার অন্যতম। বর্তমানে সায়েদাবাদ পানি শোধনাগার (মান নিয়ন্ত্রণ ইউনিট)-এর অফিসে ব্যবহৃত চেয়ার গুলির মধ্যে ০২ টি চেয়ার ব্যবহারের অনুপযোগী হয়ে পড়েছে। যার ফলে ০২ টি নতুন চেয়ার অফিস কার্যক্রমে অংশগ্রহণ ,বৈঠক/মিটিং ও নথিপত্র যাচাই সংক্রান্ত কাজের জন্য সংগ্রহ করা প্রয়োজন হয়ে পড়েছে। ০২ টি কাঠের চেয়ার সংগ্রহের জন্য একটি বাজার দর সংগ্রহ করা হয়েছে। সংগৃহীত বাজার দরের ভিত্তিতে একটি প্রাক্কলন তৈরী করা হয়েছে । প্রাক্কলিত টাকার পরিমাণ ২৪,৫০০/-(চব্বিশ হাজার পাঁচশত টাকা) মাত্র। আলোচ্য কাজের ব্যয়ভার পাওপশো সার্কেল এর ২০২৪-২০২৫ ইং অর্থ বছরের কোড নং ০১-০২-০১২ (অফিস রক্ষণাবেক্ষণ) খাত থেকে বহন করা যেতে পারে।

২। এমতাবস্থায়, কর্তৃপক্ষের কাজের স্বার্থে সায়েদাবাদ পানি শোধনাগার (মান নিয়ন্ত্রন ইউনিট) এর অফিসে ব্যবহারের জন্য ০২ টি কাঠের তৈরি চেয়ার সরবরাহ সহ আনুষঙ্গিক কাজের খরচ বাবদ প্রাক্কলিত টাঃ ২৪,৫০০/- (চব্বিশ হাজার পাঁচশত টাকা) মাত্রের প্রাক্কলনটি পিপিআর ২০০৮ এর বিধি ৮১ (১) অনুযায়ী সরাসরি ক্রয় প্রক্রিয়ার মাধ্যমে সম্পাদনের সদয় অনুমোদন দেয়া যেতে পারে। যা অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

তত্ত্বাবধায়ক প্রকৌশলীর দপ্তর
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল
নথি. প্রেরণের নং...২৭৭...তাং...২৬/৬/২৫

19.06.25

Muhammad Ehteshamul Haque
Assistant Microbiologist
SWTP-1 (Quality Control Unit)
Dhaka WASA

19.6.25
Sadia Afrin Beauty
Microbiologist
SWTP-1 (Quality Control Unit)
Dhaka WASA

SE (WSTPL)

19.06.25
মির্জা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পাওপশো সার্কেল, ঢাকা ওয়াসা।

অনুমোদিত

প্রকৌশলী মোঃ আবুল সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।

SE WSTPC

বিষয়ঃ সায়েদাবাদ পানি শোধনাগার (মান নিয়ন্ত্রন ইউনিট) এর অফিসে ব্যবহারের জন্য ০২ টি কাঠের তৈরি চেয়ার সংগ্রহ সহ আনুষঙ্গিক কাজের খরচের প্রাক্কলন।

ক্রমিক নং	কাজের বিবরণ	পরিমান (সংখ্যা)	একক দর (টাকা)	সর্বমোট টাকা
০১	সায়েদাবাদ পানি শোধনাগার (মান নিয়ন্ত্রন ইউনিট) এর অফিসে ব্যবহারের জন্য ০২ টি কাঠের তৈরি চেয়ার সরবরাহ সহ আনুষঙ্গিক কাজ।	লট	২৪,৫০০/-	২৪,৫০০/-
			সর্বমোট (অংকে)	২৪,৫০০/-
	সর্বমোট (কথায়): চব্বিশ হাজার পাঁচশত টাকা মাত্র।			

১৯.০৬.২৫ ইং
মারজিয়া সুলতানা
সহকারী মাইক্রোবায়োলজিষ্ট
মান নিয়ন্ত্রন ইউনিট
সাপাশো ফেজ-১
ঢাকা ওয়াসা

19.06.2025
মুহাম্মদ এহতেশামুল হক
সহকারী মাইক্রোবায়োলজিষ্ট
মান নিয়ন্ত্রন ইউনিট
সাপাশো ফেজ-১
ঢাকা ওয়াসা

১৯.৬.২৫
সাদিয়া আফরিন বিউটি
মাইক্রোবায়োলজিষ্ট
মান নিয়ন্ত্রন ইউনিট
সাপাশো ফেজ-১
ঢাকা ওয়াসা

19.06.25
মির্জা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পাওপশো সার্কেল
ঢাকা ওয়াসা